217 55

তারিখ ...30 MAR 1995...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪......

দৈনিক বাংলা

রেজিস্ট্রেশন কেলেঙ্কারি

# যশোর বোর্ডে ১৩ হাজার পরীক্ষার্থীর আবেদন বাতিল

**স্টাফ রিপোর্টার ঃ** যশোর, ২৯ মার্চ।– বুধবার যশোর শিক্ষা বোর্ড কমিটির বৈঠকে ১৩ হাজার ভুয়া পরীক্ষার্থীর এসএসসি পরীক্ষার আবেদন বাতিল করা হয়েছে। রেজিস্ট্রেশন কেলেঙ্কারিতে জড়িত ব্যক্তিদের খুঁজে বের করতে গঠন করা হয়েছে তিন সদস্যের একটি তদন্ত কমিটি। শিক্ষা বোর্ডের দায়িত্বশীল সূত্র এখবর জানায়।

বোর্ড কমিটির সভায় রেজিস্ট্রেশন কেলেঙ্কারির বিষয়টি আলোচনা হয়। অধিকাংশ সদস্য এই অভিমত ব্যক্ত করেন যে, রেজিস্ট্রেশন কেলেঙ্কারি শিক্ষা বোর্ডের সুনাম মারাত্মকভাবে ক্ষুণ্ন করেছে। এর সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

সভায় জানানো হয় যে, বাছাইয়ের পর প্রমাণ হয়েছে যে, প্রায় ১৩ হাজার পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন ভুয়া। বোর্ড কমিটি এদের পরীক্ষার আবেদন বাতিলের সিদ্ধান্ত নেয়।

রেজিস্ট্রেশন কেলেঙ্কারির ব্যাপারে গত

(৪–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

প্রথম পৃষ্ঠার পর ।। **যশোর বোর্ডে**

একমাস ধরে শিক্ষা বোর্ড চেয়ারম্যান যে তদন্ত করিয়েছেন তার অগ্রগতিতে বোর্ড কমিটি সন্তুষ্ট না হয়ে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেন। এর আহবায়ক মনোনীত করা হয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর নজরুল ইসলামকে। সদস্য হলেন বরিশাল বিএম কলেজের অধ্যক্ষ মকবুল হোসেন ও খুলনার ডিডিপিআই রওশন আরা। কমিটি কত দিনের মধ্যে তদন্ত শেষ করবেন তার সময়সীমা নির্ধারণ করা হয়নি। তবে আগামী ৮ এপ্রিল তারা বৈঠকে বসবেন।